

ক্রাফট

ইউনিট ১



সিআইডি: ক্রিষ্টিয়ান ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট

গোয়েন্দা পরিচয় ব্যাজ

উপাদান

- আয়তক্ষেত্রের ব্যাজ প্যাটার্ন (প্রতি শিক্ষার্থীর জন্য ১টা)
- হলুদ কাগজনির্মিত তারা (প্রতি শিক্ষার্থীর জন্য ১টা)
- লেখা থাকবে “সিআইডি” (প্রতি শিক্ষার্থীর জন্য ১টা)
- চকচকে বোতাম (প্রতি শিক্ষার্থীকে ৫টি করে, ঐচ্ছিক) বা প্লিটার
- রং পেন্সিল
- আঠা
- কেচি


নির্দেশনা

1. প্রতি শিক্ষার্থীকে ১টি করে ব্যাজ প্যাটার্ন দিন
2. শিক্ষার্থীদের তাদের ব্যাজগুলোতে রং করতে বলুন
3. ব্যাজের কিনারাগুলো ভেতরের দিকে ভাঁজ করুন এবং আঠা দিয়ে সেগুলো আটকে দিন
4. তারায় আঠা লাগান
5. বোতাম বা প্লিটার দিয়ে তারাগুলো সাঁজিয়ে দিন
6. পরিচয় ব্যাজের ওপর শিক্ষার্থীদের ব্যক্তিগত তথ্য লিখতে বলুন

বিদ্র: “Identification Number” যেকোনো কিছুই হতে পারে, যেমন #1234 বা X36-ROKSTR-91-b. শিক্ষার্থীদের ওপর এগুলো ছেড়ে দিন। “Agent Type” হতে পারে গোয়েন্দা, গুপ্তচর, বিশ্লেষক, ময়নাতদন্ত বিশেষজ্ঞ, স্পেশাল এজেন্ট,



ইত্যাদি



সূত্র নোটবুক

উপাদান

- পাঞ্চ করে ছিদ্র করা ছোট সাদা কাগজ (প্রতি শিক্ষার্থীর জন্য ৪টা)
- পাঞ্চ করে ছিদ্র করা শক্ত কার্ড (প্রতি শিক্ষার্থীর জন্য ২টা)
- লেখা থাকবে “সিআইডি” (প্রতি শিক্ষার্থীর জন্য ১টা)
- কোঁকড়ানো ফিতা (প্রতি শিক্ষার্থীর জন্য ১টা)
- কাগজের বাতি (প্রতি শিক্ষার্থীর জন্য ১টা)
- আঠা
- রং পেন্সিল
- কেচি

নির্দেশনা

1. নোটবুকে প্রতিটি শিক্ষার্থী তাদের নাম লিখবে এবং মলাট রং করবে
2. মলাটে “সিআইডি” লেখা এবং কাগজের বাতি আঠা দিয়ে আটকে দিবে
3. কাগজ ও মলাট পাঞ্চ করে ছিদ্র তৈরি করবে
4. নোটবুকের কাগজ ও মলাট বাইরে থেকে ফিতা দিয়ে পেচিয়ে শক্ত করে আটকে দিবে



পানির বোতল সাঁজানো

উপাদান

- আয়তাকার ফোমের মতো বা মোটা কাগজ (প্রতি শিক্ষার্থীর জন্য ১টা)
- বড় করে লেখা “সিআইডি” (প্রতি শিক্ষার্থীর জন্য ১টা)
- কোঁকড়ানো ফিতা (প্রতি শিক্ষার্থীর জন্য ১টা)
- ফ্লাশলাইট ও আতশ কাচের মতো করে তৈরি করা কাগজ (প্রতি শিক্ষার্থীর জন্য ১টা)
- আঠা
- কেচি

নির্দেশনা

1. “সিআইডি” এবং কাগজের তৈরি করা বস্তুদুটি (আতশ কাচ ও ফ্লাশলাইট) আয়তাকার কাগজে আঠা দিয়ে লাগিয়ে দিন
2. ছিদ্র দিয়ে ফিতা জুড়ে দিন
3. একটা পানির বোতলের মোড়কের ওপর কাগজটি পেচিয়ে শক্ত করে বেধে দিন

